# ঢাকা, দিনাজপুর, সিলেট, যশোর বোর্ড-২০১৮

## সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ শিহাব বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে অধ্যয়ন করে সে বিষয়টির উৎপত্তি সম্পর্কে সন্ধান করতে গিয়ে দেখলেন ল্যাটিন শব্দ Socius ও গ্রীক শব্দ Logos থেকে এর উদ্ভব। ১৮৩৯ সালে একজন ফরাসি দার্শনিক তাঁর 'কোর্স-ডি-ফিলোসফি পজিটিভ' গ্রন্থে সর্বপ্রথম এ বিষয়টিকে বিজ্ঞান হিসেবে আখ্যায়িত করেন।


ক. "সমাজবিজ্ঞান হলো সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান"— উক্তিটি কার? ১

খ. শিক্ষার সমাজবিজ্ঞান বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের শিহাব কোন বিষয়ে অধ্যয়ন করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টি সমাজের সামগ্রিক পাঠ। বিশ্লেষণ কর। ৪

২.▶




ক. পদ্ধতি কী? ১

খ. পর্যবেক্ষণ পদ্ধতি বলতে কী বুঝ? ২

গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানে কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টির প্রয়োগ সমাজবিজ্ঞানকে বৈজ্ঞানিক মর্যাদা দিতে সক্ষম হয়েছে— বিশ্লেষণ কর। ৪

৩.▶ রাকিব রতনপুর গ্রামের লোকদের জীবন ব্যবস্থা সম্পর্কে জানতে পারে যে অতীতে তাদের সমাজ ধর্মগুরুদের দ্বারা পরিচালিত হত। ধর্মীয় নেতা যেভাবে তাদের জীবনযাপন করতে বলতো তেমনি তারা চলতো। কিন্তু বর্তমানে তাদের

https://teachingbd24.com

মধ্যে অনেকেই শিক্ষিত হয়েছে এবং আধুনিক জীবনযাপন করছে। তারা ধর্মীয় গোঁড়ামী ত্যাগ করে বিজ্ঞানমনস্ক হয়েছে।


ক. পরার্থপর আত্মহত্যা কী? ১

খ. আসাবিয়া বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের রূপনপুর গ্রামের অতীত জীবনের সমাজ ব্যবস্থার সাথে অগাস্ট কোঁতের ত্রয়স্তরের কোন স্তরের সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত গ্রামের বর্তমান জীবন ব্যবস্থার সাথে দৃষ্টবাদের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪. ▶




চিত্র: 'ক'




চিত্র: 'খ'

ক. সংঘ কী? ১

খ. পরিবার সামাজিক নিয়ন্ত্রণের অন্যতম বাহন— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের চিত্র 'ক' এর '?' চিহ্নিত স্থানে কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'ক' ও 'খ' এর মধ্যকার পার্থক্য বিশ্লেষণ কর। ৪


৫. ▶ কামাল তার তিন ভাই, দুইবোন ও মা-বাবাসহ গ্রামে বাস করত। কামাল বিয়ে করে চাকুরীসূত্রে শহরে বসবাস শুরু করে। তার ভাইয়েরাও একে একে চাকুরীর আশায় শহরে চলে আসে এবং তারা আলাদা বাসা ভাড়া করে থাকে। বোনদের বিয়ে হয়ে গেলে শুধু তার বৃদ্ধ বাবা-মা গ্রামের বাড়িতে বসবাস করছে।

ক. প্রতিষ্ঠান কী? ১

https://teachingbd24.com

খ. কাল্পনিক জ্ঞাতি বলতে কী বুঝ? ২
গ. কামালের শ্বশুরের পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩
ঘ. কামালের গ্রামের পরিবারটি ভেঙে যাওয়ার আর্থ-সামাজিক কারণ বিশ্লেষণ কর। ৪

৬. ▶




ক. 'Ancient Society' গ্রন্থের লেখক কে? ১
খ. লেভিরেট বিবাহ কী? ২
গ. উদ্দীপকের 'A' চিহ্নিত স্থানে কোন সামাজিক প্রতিষ্ঠানের কার্যাবলিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব সমাজে উক্ত প্রতিষ্ঠানটি বহুমাত্রিক কার্যাবলি সম্পাদন করে থাকে— উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৭. ▶ মি. সোহেল চৌধুরী উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা। ঘুষ, দুর্নীতি ও অবৈধ অর্থ উপার্জনের সুযোগ থাকা সত্ত্বেও তিনি তা করেন না। তিনি সৎ ও নিষ্ঠার সাথে অফিসিয়াল ও ব্যক্তি জীবনের সকল দায়িত্ব পালন করেন এবং সহকর্মীদেরও খারাপ কাজ থেকে বিরত থাকার পরামর্শ দেন। ব্যক্তিজীবনে মি. সোহেল চৌধুরী নিজে সৎভাবে জীবনযাপন করেন। এজন্যে তিনি সকলের কাছে নীতিবান ব্যক্তি হিসেবে পরিচিত।

ক. জাতিবর্ণ প্রথা কী? ১
খ. সম্পত্তি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মি. সোহেল চৌধুরীর মধ্যে যে মানবিক গুণের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত গুণটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

৮. ▶




ক. সামাজিক অসমতা কী? ১

https://teachingbd24.com

খ. সামাজিকীকরণে শিক্ষা প্রতিষ্ঠান কীভাবে ভূমিকা রাখে? বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে সামাজিক স্তরবিন্যাসের যে ধরনটি নির্দেশ করছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত স্তরটি ছিল সামাজিক স্তরবিন্যাসের সবচেয়ে চরম ও নিকৃষ্ট অবস্থা' তুমি কি এ বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. ▶ মিরাজ সাহেব 'ক' নামক দেশের একজন মন্ত্রী। কাইয়ুম সাহেব সেই রাষ্ট্রেরই একজন রাষ্ট্রবিজ্ঞানী। কাইয়ুম সাহেব মনে করেন রাষ্ট্র একদিনে হঠাৎ করে তৈরি হয়নি। সময়ের প্রয়োজনের ধীরে ধীরে গড়ে উঠেছে।

ক. ক্ষমতা কী? ১

খ. সম্পত্তি বলতে কী বুঝ? ২

গ. মিরাজ সাহেব রাষ্ট্রের কোন উপাদানের প্রতিনিধিত্ব করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কাইয়ুম সাহেবের বক্তব্যই রাষ্ট্রের উৎপত্তির সবচেয়ে গ্রহণযোগ্য মতবাদ— বিশ্লেষণ কর। ৪

১০. ▶ গরিব সংসারের মেধাবী ছাত্র শাহ বিশ্ববিদ্যালয়ের পড়াশুনা শেষ করে কয়েক বছর চাকুরির চেষ্টা করেও চাকুরির দেখা পেল না। নিজের জীবনের চাহিদা মিটানোসহ বাবা-মার সংসারেও কোনো ধরনের আর্থিক সহযোগিতা করতে পারছে না। তাই শাহ দিনদিন হতাশায় ভোগে। ছিনতাই চক্রের সাথে যোগ দিয়ে ছিনতাই, চুরি, ডাকাতি, খুনসহ নানাবিধ অসামাজিক কর্মকাণ্ডে লিপ্ত হয়।

ক. বিচ্যুত আচরণ কী? ১

খ. কিশোর অপরাধ কী? ২

গ. উদ্দীপকের শাহর অপরাধী হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের শাহর মতো অনেকেই অপরাধী হওয়ার জন্য উক্ত কারণটির ভূমিকা রয়েছে— বিশ্লেষণ কর। ৪

১১. ▶ সৈকত প্রায় দশ বছর বিদেশে থাকার পর দেশে ফিরে গ্রাম বাংলার অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থায় রাস্তাঘাটের ব্যাপক পরিবর্তন দেখে মুগ্ধ হন। তিনি গ্রামের প্রতিটি ঘরে বিদ্যুৎ, টেলিভিশন ও বিদ্যুৎচালিত যন্ত্রপাতি দ্বারা কৃষিক্ষেত্রে ব্যাপক পরিবর্তন সাধিত হওয়ার উদাহরণ দেখতে পান। তার মেয়ে তাকে বলেন স্কুলে এখন প্রায়ই ল্যাপটপের সহায়তায় ক্লাস পরিচালনা হয়। তিনি উপলব্ধি করলেন যে, সমাজ আগের দিনের চেয়ে প্রযুক্তি দিয়ে পরিবর্তিত হচ্ছে।

ক. সামাজিক প্রগতি কী? ১

খ. বিবর্তন কী? বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের সৈকত গ্রামে এসে কী ধরনের সামাজিক পরিবর্তন লক্ষ করলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত পরিবর্তন শিক্ষাক্ষেত্রে কী ভূমিকা রাখছে? বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

# সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড: ১ ১ ৭

সময়- ৩০মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. বিশ্বের সকল মানব সমাজকে এক ও অভিন্ন ঐক্যতানে সমন্বিত করার প্রক্রিয়াকে কী বলে?
ক বিশ্বায়ন খ তথ্য প্রযুক্তি
গ স্যাটেলাইট ঘ ইন্টারনেট

২. Deviance শব্দের অর্থ কী?
ক মূল্যবোধ বিরোধী কার্যক্রম
খ অপরাধ
গ প্রবেশন ঘ আচরণ

৩. সম্পত্তির বৈশিষ্ট্য হল, এটি—
i. শুধু বস্তুগত
ii. বিনিময়যোগ্য
iii. সমাজ স্বীকৃত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৪নং প্রশ্নের উত্তর দাও:
রাসেলের বয়স দশ বছর। বাবা মার সাথে আগারগাঁও বস্তিতে বাস করে। অভাবের তাড়নায় সে পকেটমারাসহ বিভিন্ন অপকর্ম করে বেড়ায়।

৪. রাসেলের এরূপ কর্মকাণ্ড কি ধরনের অপরাধ?
ক ভদ্রবেশী খ কিশোর অপরাধ
গ সংগঠিত ঘ পরানুগঠিক

৫. পরার্থমূলক আত্মহত্যা ঘটার কারণ—
ক অর্থনৈতিক খ পারিবারিক
গ ব্যক্তিগত ঘ দেশের জন্য

৬. যৌগিক জ্ঞাতির উদাহরণ কোনটি?
ক দেবর খ শ্বশুর
গ চাচা ঘ ধর্ম ভাই

৭. তথ্য প্রযুক্তির বিস্ময়কর উন্নতি ঘটেছে কোনটির সহায়তায়?
i. কম্পিউটারের
ii. টেলিভিশনের
iii. সানসেন্সিং ক্যামেরার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৮নং প্রশ্নের উত্তর দাও—

বুদ্ধিমত্তা | ? | গায়ের রং
দেহের গড়ন | | রোগ-ব্যাধি

৮. ? চিহ্নিত স্থানে কোনটি বসবে?
ক সাংস্কৃতিক উপাদান
খ গোষ্ঠীগত উপাদান
গ ভৌগোলিক উপাদান
ঘ জৈবিক উপাদান

৯. 'Sociology' শব্দটির প্রবক্তা কে?
ক প্লেটো খ এরিস্টটল
গ ইবনে খালদুন ঘ অগাস্ট কোঁৎ

১০. Das Capital গ্রন্থটির রচয়িতা কে?
ক অগাস্ট কোঁৎ খ কার্ল মার্কস
গ ম্যাক্স ওয়েবার ঘ দুর্খেইম

১১. যখন একাধিক ব্যক্তি একই উদ্দেশ্য সাধনের জন্য সংঘবদ্ধ হয়ে বসবাস করে তখন তাকে কী বলে?
ক সংঘ খ সমাজ
গ সম্প্রদায় ঘ গোষ্ঠী বা দল

১২. মর্গানের মতে সিনডিয়াসমিয়ান যে ধরনের পরিবার—
ক দলগত
খ আপন জ্ঞাতি
গ প্রাথমিক
ঘ অস্থায়ী যুগল

নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:
আঃ রহিম মিঞা বাজিতপুর গ্রামের বাসিন্দা। তাদের গ্রামে বিভিন্ন পেশার মানুষ বাস করে। কেউ চাকুরীজীবী, কেউ কৃষিজীবী, কেউ আবার ব্যবসায়ী।

১৩. আঃ রহিম মিঞার গ্রামের সাথে সাদৃশ্য রয়েছে কোনটির?
ক সমাজ কাঠামোর
খ সামাজিক স্তরবিন্যাসের
গ রাজনৈতিক ব্যবস্থার
ঘ উৎপাদন ব্যবস্থার

১৪. উক্ত বিষয়ের বৈশিষ্ট্যের ক্ষেত্রে বলা যায়—
i. স্বতন্ত্র অস্তিত্ব
ii. সর্বজনীন
iii. সামাজিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৫. বৈজ্ঞানিক পদ্ধতির প্রথম ধাপ কোনটি?
ক উপাত্ত সংগ্রহ
খ সমস্যা নির্বাচন
গ যথার্থতা যাচাই
ঘ উপাত্তের শ্রেণিবিন্যাস

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. সামাজিকীকরণের প্রথম ও প্রধান মাধ্যম কোনটি?
ক) পরিবার
খ) শিক্ষা প্রতিষ্ঠান
গ) সংগীদল
ঘ) ধর্মীয় আদর্শ

১৭. একই আয় ও সুযোগ-সুবিধা ভোগকারী গোষ্ঠীকে বলে—
ক) জাতি খ) পরিবার
গ) শ্রেণি ঘ) সম্প্রদায়

১৮. Mores শব্দের অর্থ কী?
ক) প্রথা
খ) আদর্শ যার শক্তিশালী নৈতিক তাৎপর্য রয়েছে
গ) লোকাচার
ঘ) আদর্শ

১৯. গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে অনুসন্ধান করতে কোন গবেষণা পদ্ধতি ব্যবহার করা হয়?
ক) জরিপ পদ্ধতি
খ) ঐতিহাসিক পদ্ধতি
গ) তুলনামূলক পদ্ধতি
ঘ) পরীক্ষণ পদ্ধতি

২০. সম্প্রদায়ের বৈশিষ্ট্য কয়টি?
ক) দুইটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি

২১. ভৌগোলিক অবস্থানগত কারণে গড়ে উঠেছে—
i. রেশম শিল্প
ii. চা শিল্প
iii. কুটির শিল্প
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:
কমলের বাবা-মা দুজনেই শিক্ষক। পরিবারের সকলে টেলিভিশনের এক প্রতিবেদনে মাদকাসক্তির কুফল সম্পর্কে জানতে পেরেছে। তাই মাদক গ্রহণ না করার ব্যাপারে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ এবং এ বিষয়ে বন্ধুদেরকে উৎসাহিত করে।

২২. অনুচ্ছেদে সামাজিক নিয়ন্ত্রণের কিরূপ বাহনের ইঙ্গিত রয়েছে?
ক) পরিবার খ) শিক্ষা
গ) সঙ্গী সাথী ঘ) গণমাধ্যম

২৩. সামাজিক নিয়ন্ত্রণের উক্ত বাহন—
i. সচেতনতা বৃদ্ধি করে
ii. নিয়মতান্ত্রিক জীবন যাপনে উদ্বুদ্ধ করে
iii. অপরাধী হতে উদ্বুদ্ধ করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৪. কার্ল মার্কসের মতে সমাজের মৌল কাঠামো কোনটি?
ক) আইন খ) অর্থনীতি
গ) সংস্কৃতি ঘ) রাজনীতি

২৫. অগ্রানেশী অপরাধের উদাহরণের ক্ষেত্রে বলা যায়—
i. ট্যাক্স ফাঁকি দেয়া/উৎকোচ না করা
ii. ট্রেডমার্ক নকল করা
iii. আয়কর না দেয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৬. Socialization কথাটির অর্থ কী?
ক) সামাজিক প্রক্রিয়া
খ) সামাজিক বিভাজন
গ) সামাজিক পরিবর্তন
ঘ) সামাজিক বিবর্তন

২৭. সমাজে ফুপাতো ভাইবোনের বিবাহের ধরন কোনটি?
ক) সোরিরেট খ) সরোরেট
গ) প্যারালাল কাজিন ঘ) ক্রস কাজিন

২৮. সমাজ কাঠামোর রদবদল বলতে বোঝায় সামাজিক—
ক) পরিবর্তন খ) বিবর্তন
গ) উন্নয়ন ঘ) প্রগতি

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:
অলক ও রহমত ছোটবেলা থেকে গ্রামের একই স্কুলে পড়াশুনা করেন। চাকুরী করার ইচ্ছা থাকলেও অলক শেষ পর্যন্ত পৈতৃক পেশা বেছে নিতে বাধ্য হন। তবে রহমত ব্যবসা করে শহরে গাড়ি বাড়ির মালিক হন।

২৯. অলকের পৈতৃক পেশা বেছে নেওয়ার কারণ কী?
ক) জাতিবর্ণ প্রথা খ) শ্রেণি মর্যাদা
গ) সামাজিক শ্রেণি
ঘ) সামাজিক স্থিতিশীলতা

৩০. রহমতের মর্যাদা এখানে—
ক) আরোপিত খ) অর্জিত
গ) নির্বাচিত ঘ) বংশভিত্তিক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd24.com